



বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
চান্দিনা পৌরসভা নির্বাচন।

স্মারক নং- ১৭.১০.১৯০০.০০০.৩৮.০০২.২০-৮২৩

তারিখ : ১৭ অগ্রহায়ন ১৪২৭
০২ ডিসেম্বর ২০২০

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৩, তারিখ- ০২ ডিসেম্বর ২০২০ খ্রিঃ এর মাধ্যমে নির্বাচন কমিশন এতদ্বারা স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার চান্দিনা পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেনঃ

(ক)	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২০ ডিসেম্বর ২০২০ ০৫ পৌষ ১৪২৭	রবিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২২ ডিসেম্বর ২০২০ ০৭ পৌষ ১৪২৭	মঙ্গলবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৯ ডিসেম্বর ২০২০ ১৪ পৌষ ১৪২৭	মঙ্গলবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১৬ জানুয়ারি ২০২১ ০২ মাঘ ১৪২৭	শনিবার

০২। এক্ষণে, সেহেতু, আমি মোহাঃ জাহাঙ্গীর হোসেন, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, চান্দিনা পৌরসভা নির্বাচন উক্ত বিধিমালার বিধি ১১ অনুযায়ী এতদ্বারা গণবিজ্ঞপ্তি জারি করিতেছি যে, চান্দিনা পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে (সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, কুমিল্লা) এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, চান্দিনা, কুমিল্লা) আগামী ২০ ডিসেম্বর ২০২০/০৫ পৌষ ১৪২৭ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত গ্রহণ করা হবে।

০৩। উল্লেখ্য যে, সকল ভোটকেন্দ্রে আগামী ১৬ জানুয়ারি ২০২১ তারিখে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

তারিখ: ০২ দিন ১২ মাস ২০২০ বৎসর

(মোহাঃ জাহাঙ্গীর হোসেন)

সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার
চান্দিনা পৌরসভা নির্বাচন
ফোনঃ ০৮১-৭৬৮১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ, চান্দিনা পৌরসভা নির্বাচন-২০২০।
- ০৬। অধিনায়ক, ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়ান, কোটবাড়ি, কুমিল্লা।
- ০৭। পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ০৯। কোম্পানি কমান্ডার, র্যাব-১১, সিপিসি-২, শাকতলা, কুমিল্লা।
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা।
- ১১। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা (নির্বাচনি এলাকায় জন সাধারণের মাঝে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, চান্দিনা, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার [তাকে উক্ত গণবিজ্ঞপ্তি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]।
- ১৪। অফিসার ইনচার্জ, চান্দিনা থানা, কুমিল্লা।
- ১৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা।
- ১৬। সচিব, চান্দিনা পৌরসভা, চান্দিনা, কুমিল্লা (তাকে গণ-বিজ্ঞপ্তিটি পৌর এলাকায় বহল প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, কুমিল্লা প্রেসক্লাব, কুমিল্লা।
- ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, চান্দিনা, কুমিল্লা।
- ১৯। নোটিশ বোর্ড।

সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার
চান্দিনা, পৌরসভা নির্বাচন